



গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়
চৌগাছা, যশোর।
ই-মেল নং- chowgacha@uhfpo.dghs.gov.bd

*** স্থায়ী কমিটির মাসিক সভার কার্য বিবরণী।

- সভাপতিঃ নাজনীন নাহার (পপি), মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চৌগাছা-যশোর।
- তারিখঃ- ২০/০১/২০২২
- স্থানঃ- সভাকক্ষ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স চৌগাছা, যশোর।

আলোচ্য বিষয় সমূহঃ

- ১। কোভিড-১৯ ভ্যাক্সিন সম্পর্কে আলোচনা
- ২। হাসপাতালের জনবল সম্পর্কে আলোচনা
- ৩। বজ্য ব্যবস্থাপনা।
- ৪। আউট সোসিং স্টাফ।
- ৫। বিবিধ সমূহ।

উপস্থিত সদস্যদের নামের তালিকাঃ-

ক্রমিক নং	নাম	পদবী
১।	নাজনীন নাহার (পপি), মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চৌগাছা-যশোর।	সভাপতি
২।	মোঃ আবুল কাশেম, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, চৌগাছা-যশোর।	সদস্য
৩।	মোঃ সাদরুল আনাম, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, চৌগাছা-যশোর।	সদস্য
৪।	মোছাঃ উম্মে সালমা আক্তার, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, চৌগাছা-যশোর।	সদস্য
৫।	ফেরদৌসী খাতুন, সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল, চৌগাছা-যশোর।	সদস্য
৬।	ডাঃ মোছাঃ লুৎফুন্নাহার, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, চৌগাছা-যশোর।	সদস্য-সচিব

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে আলোচ্য সূচী অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেনঃ-

বিষয়	আলোচ্য ও সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
(১) কোভিড-১৯ সচেতনতা সম্পর্কে	সভাপতি মহোদয় সভা চলা কালীন সময়ে UHFPO ডাঃ মোছাঃ লুৎফুন্নাহার ও অন্যান্য ডাক্তারদের উদ্দেশ্যে বলেন আমরা অনেক চেষ্টির মাধ্যমে কোভিড-১৯ ভ্যাক্সিন পেয়েছি। স্টেফ বাই স্টেফ সবাইকে এই ভ্যাক্সিন দিতে হবে তাই অবিলম্বে জনগনের মধ্যে প্রচার ও মাইকিং করতে হবে। UHFPO বলেন আমাদের মধ্যে কোন প্রকার ত্রুটি থাকবে না ইতি মধ্যেই প্রায়ভাগ ১ম ডোজ এবং ২য় ডোজ সম্পন্ন হয়েছে বাকি আছে যে অল্প সংখ্যক সেগুলোও খুবই দুরুত্ব শেষ হয়ে যাবে।	সভাপতি পদবী পপি না

<p>(২) হাসপাতালের জনবল সম্পর্কে আলোচনা</p>	<p>সভাকক্ষে হাসপাতালের UHFPO ডাঃ মোহাঃ লুৎফুল্লাহর বলেন চৌগাছা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স বাংলাদেশের মধ্যে একটি মডেল হাসপাতাল এবং পার্শ্ববর্তী ৪টি উপজেলার জনগন এই হাসপাতাল থেকে সেবা নিতে আসে অত্র হাসপাতালটি ৪টি উপজেলার কেন্দ্র বিন্দিতে অবস্থিত এবং চৌগাছা হাসপাতালের সাথে সকল উপজেলার যোগাযোগ ব্যবস্থা খুবই ভাল। অথচ হাসপাতালের বিভিন্ন মঞ্জুরী কৃত পদে অনেক লোকবল শূন্য থাকায় স্বাস্থ্য সেবা সঠিক ভাবে দেয়া খুবই কষ্টকর এবং অতিরিক্ত লোক সমাগমের কারণে হাসপাতাল পরিষ্কার রাখা খুবই দুঃসাধ্য হয়ে উঠেছে। সেই কারণে মঞ্জুর কৃত পদের বিপরীতে লোক পদায়ন এবং অতিরিক্ত আয়া ঝাড়ুদার ও স্বেচ্ছা-সেবী হিসাবে স্থানীয় ভাবে নিয়োগ দেওয়ার প্রয়োজন। এই বিষয়ে সভাপতি মহোদয় সহ উপস্থিত সকল সদস্য প্রস্তাবটি সমর্থন করেন।</p>	<p>সভাপতি</p>
<p>(৩) বর্জ্য ব্যবস্থাপনা।</p>	<p>সদস্য সচিব সভাপতির অনুমতি ক্রমে হাসপাতালের বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ে সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তিনি বলেন বর্তমানে হাসপাতালের বর্জ্য ব্যবস্থাপনার জন্য সকল ব্যবস্থাপনা বিদ্যমান না থাকার কারণে নিয়মিত বর্জ্য অপসারণ করা সম্ভব হচ্ছে না। সভাপতি মহোদয় এই প্রেক্ষিতে বলেন বর্জ্য অপসারণে জন্য খুবই অল্প সময়ের মধ্যে এর ব্যবস্থা নিতে হবে।</p>	<p>সভাপতি</p>
<p>(৪) আউট সোসিং স্টাফ</p>	<p>সদস্য সচিব সভাপতি মহোদয় কে দৃষ্টি আকর্ষণ করে বলেন চৌগাছা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স বাংলাদেশের মধ্যে একটি মডেল হাসপাতাল এবং পার্শ্ববর্তী ৪টি উপজেলার জনগন এই হাসপাতাল থেকে সেবা নিতে আসে অত্র হাসপাতালটি ৪টি উপজেলার কেন্দ্র বিন্দিতে অবস্থিত এবং চৌগাছা হাসপাতালের সাথে সকল উপজেলার যোগাযোগ ব্যবস্থা খুবই ভাল। যার কারণে রোগীর চাপ অনেক বেশি যদি কোন ভাবেই কিছু আউট সোসিং স্টাফ নিয়োগ দেওয়া সম্ভব হতো তাহলে রোগীদে সেবার মান আরো ভাল হতো।। সভাপতি মহোদয় এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আশ্বাস প্রদান করেন</p>	<p>সভাপতি</p>
<p>(৫) বিবিধ সমুহ</p>	<p>সভাপতি মহোদয় স্থায়ী কমিটির কার্যক্রম আরো গতিশীল করার জন্য উপস্থিত সকলের উদ্দেশ্য বলেন যে, চৌগাছা মডেল উপজেলা হাসপাতালের সুনাম ধরে রাখার জন্য হাসপাতালের কর্মরত কর্মকর্তা কর্মচারিকে আন্তরিক ভাবে ধৈর্য্য ধারণ মাধ্যমে সেবার কাজ চালিয়ে যেতে হবে যেমন পিতা,মাতা অসুস্থ হলে যে দৃষ্টিতে দেখা হয় ঠিক তেমনি রোগীকে দেখতে হবে এবং সবাই কে শৃংখলা মেনে চলতে হবে। হাসপাতালে কোন অপ্রত্যাশিত ঘটনা না ঘটে তার জন্য চৌগাছা বাসিকে সার্বিক সহযোগীতা প্রদানের লক্ষ্যে কাজ করতে হবে।</p>	<p>সভাপতি</p>

***পরিশেষে বিশেষ কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় স্বাস্থ্য সেবার মান উন্নয়নের জন্য আরো আন্তরিক ভাবে তৎপর থাকার আহবান জানিয়ে এবং সবার সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

নাজমুল হক
“ সভাপতি ”